FONDI STRUTTURALI EUROPEI
PON 2014-2020
UNIONE EUROPEA
PER LA SCUOLA - COMPETENZE E AMBIENTI PER L'APPRENDIMENTO-FESR
Ministero dell'Istruzione, dell'Università e della Ricerca
Dipartimento per la Programmazione
Direzione Generale per interventi in materia di edilizia scolastica, per la gestione dei fondi strutturali per l'istruzione e per l'innovazione digitale
Ufficio IV
MIUR

ISTITUTO SCOLASTICO COMPRENSIVO STATALE "VIA GIACOSA"

SCUOLA DELL'INFANZIA via Pontano 43/ via Mosso – 20127 Milano
SCUOLA PRIMARIA "CASA del SOLE" via Giacosa 46 – 20127 Milano SCUOLA PRIMARIA " V. RUSSO – E. PIMENTEL" via Russo 27 – 20127 Milano
SCUOLA SECONDARIA di 1° grado "CASA del SOLE" via Giacosa 46 – 20127 Milano SCUOLA SECONDARIA di 1° grado "G. RINALDI" via Russo 23 – 20127 Milano
Codice univoco UF6I7B C. F. 80125690158 Cod. MIIC8DD005 - Tel. 02/884.41578 - Fax: 02/2892800
e-mail: miic8dd005@istruzione.it miic8dd005@pec.istruzione.it sito www.icgiacosa.edu.it

কম-নং-২২৩ মিলান-২১শে জুলাই ২০২০

ভিয়া জাকোযা ( Giacosa ) স্কুলের ( IC ) সমস্ত অভিভাবকদের জ্ঞাতার্থে

## স্কুলের পরিচালক পরিষদ থেকে ঘোষণা ।

## ২০২০\২০২১ সালের স্কুল বছর শুরু করার জন্য সঠিক এবং নিরাপদ তথ্য ।

### নিরাপদে পুনরায় শুরু করি –

অন্য সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের মতো , আমাদের শিক্ষা প্রতিষ্ঠানটিও খুব গুরুত্ব দিয়ে চেষ্টা করছে যেন ২০২০\২০২১ সালের শিক্ষা বছর সঠিক এবং নিরাপদ ভাবে গ্যারান্টি সহকারে শুরু করা যায় ।
আর এটা করার জন্য , স্কুলের পরিচালক , শিক্ষক পরিষদ এবং স্কুলের উপদেষ্টা কমিটি বিভিন্ন উপায় , সহজ এবং স্পষ্ট উদ্দেশ্য নিয়ে বিবেচনা করছে : স্কুল ইয়ার \ বছরের মোট সময় না কমিয়ে , পরিপূর্ণ সময়টা লেখাপড়ার প্রতি খুব ভালভাবে উৎসর্গ করা ।
কিছু তথ্য যা আমাদের বিবেচনায় অভিভাবকদের জানানো গুরুত্বপূর্ণ :

### নিয়ম –

– দূরত্ব বজায় রাখার বর্তমান প্রদত্ত আইন সঠিক ভাবে অনুসরণ করার জন্য স্কুল যথাযথ ভাবে কাজ করছে ; এক ছাত্রের বেঞ্চ থেকে আরেক ছাত্রের বেঞ্চের মাঝখানে অন্তত এক রৈখিক মিটার দূরত্ব বজায় রাখা ; স্কুলের মোট জায়গার বর্গ মিটারের ভিত্তিতে সর্বাধিক পরিমাণ শিক্ষার্তির জন্য ব্যাবস্থা করা ; স্কুলের কার্যক্রম শুরুর আগে হাত জীবাণুমুক্ত করার ব্যাবস্থা করা ; যখন প্রয়োজন তখন সুরক্ষা মাস্ক ব্যাবহার । জাকোযা বিদ্যালয়ের ভবনে প্রবেশের ভিন্ন ভিন্ন প্রবেশপথ থাকবে , বয়স \ ক্লাস অনুযায়ী , পরিবার এবং ছাত্রদের জন্য প্রদর্শিত বিশেষ যোগাযোগ এবং বিজ্ঞপ্তি সহ।

– সমস্ত পরিবারকে , জাতীয় বৈজ্ঞানিক প্রযুক্তিবিদ ( CTS ) কমিটির প্রদত্ত নির্দেশনা মোতাবেক, নিজ দায়িত্বে নিশ্চয়তা প্রদান করতে হবে যে , ছাত্র \ ছাত্রীটির স্কুলে ঢোকার আগে কোন ধরনের ইনফ্লুয়েঞ্জার উপসর্গ নেই ( জ্বর , কাশি ইত্যাদি ) । যথাযথ উপযুক্ত হবে যে প্রত্যেক ছাত্র \ ছাত্রী তার নিজের সাথে একটি নিজস্ব কিট ( kit ) রাখবে যেটার মধ্যে মাস্ক , হ্যান্ড গ্লাভস ( যদি প্রয়োজন হয় তাহলে ব্যাবহার করার জন্য ) হাতের জন্য জেল অথবা এই জাতীয় কিছু এবং এটি একটি বন্ধ প্যাকেটে সংরক্ষণ করা যখন ব্যাবহার করা না হয়। এই সাথে এটাও জানানো যাচ্ছে যে স্কুলে প্রবেশের সময়কে এবং স্কুল ছুটির সময়কে সর্বোচ্চ গুরুত্বের সাথে অনুসরণ করতে হবে এবং স্কুলের সামনে যাতে লোকজনের কোন ধরনের জটলা না হয় সে ব্যাপারে সহযোগিতা করা ।

– সমস্ত ছাত্র \ ছাত্রীদের তাদের শিক্ষদের দ্বারা প্রাপ্ত দিক নির্দেশনা অনুসরণ করতে হবে যাতে করে সবার জন্য নিরাপত্তা নিশ্চিত হয় , বিশেষকরে স্কুলের ভেতরে কিভাবে চলাফেরা করতে হবে এবং কিভাবে টয়লেট ব্যাবহার করতে হবে সে ব্যাপারে ।
এই দিকনির্দেশনাগুলি "যৌথ দায়িত্ব শিক্ষা চুক্তি" (Patto Educativo di Corresponsabilità ) তে সংযুক্ত করা হবে এবং শিক্ষার্থীদের অধিকার সংবিধির দ্বারা বছরের শুরুতে স্বাক্ষরিত হবে ।

**স্কুলের প্রদত্ত সেবাসমূহের মানের প্রয়োজনীয় স্তর বজায় রাখা** আমাদের প্রধান লক্ষ , সুরক্ষার ব্যাপারে কোন ধরনের ছাড় না দিয়ে আমরা নিয়মিত শিক্ষামূলক কার্য পরিচালনা করব । সিদ্ধান্ত নেয়ার কক্ষে বিবেচনা করা হচ্ছে যে ( শিক্ষকবৃন্দ , প্রতিষ্ঠানের উপদেষ্টামণ্ডলী , স্কুলের পরিচালনা কমিটি ) প্রাইমারি স্কুলের প্রতিদিনের জন্য নিদৃস্ট সময়কে কমিয়ে দেয়া যায় কিনা । ভাবা হচ্ছে যে প্রতি ঘণ্টা থেকে ৫ মিনিট করে কমিয়ে দেয়া , যেমন ৬০ মিনিট থেকে ৫৫ মিনিট করা , এমনটা ভাবা হচ্ছে যাতে করে শিক্ষকের সংখ্যা যথেষ্ট থাকে এবং কারো অনুপস্থিতি থাকলে তা কভার করা যায় এবং যখন প্রয়োজন তখন ক্লাসগুলিকে ছোট ছোট ভাগে ভাগ করা যায় । সিদ্ধান্ত নেয়া হয়েছে ১ ই সেপ্টেম্বর ২০২০ এই বিধানটির আবেদনটি মূল্যায়ন করার , স্কুল বছরের কার্যক্রম শুরুর আগে , মহামারী বিজ্ঞানীদের মতামত অনুযায়ী এটার প্রয়োজনীয়তা যাচাই করার জন্য । যেই মুহূর্ত থেকে এই বিধানটি কার্যকর করা হবে , সেই মুহূর্ত থেকে প্রতিদিন স্কুল ৪০ মিনিট কমে যাবে , কিন্তু মোট বাৎসরিক স্কুল সময় পুরো করার জন্য শনিবার কিছু বিশেষ কার্যকলাপ করা হবে ( খেলাধুলার দিন , স্কুলের অনুষ্ঠান , ওপেন ডে ) এবং বিভিন্ন শিক্ষা সফরগুলি স্কুল টাইমের মধ্যে হিসেব করলে প্রতিদিনের সাধারন

স্কুল টাইমের চেয়েও বেশি হয় ; স্কুলে প্রদত্ত সমস্ত কার্যকলাপ স্কুল টাইম এর মধ্যে হিসাব করা হবে। সেকেন্ডারি ( Scuola Media ) স্কুলে এই ব্যাপারে অনেক আগেই সিদ্ধান্ত নেয়া হয়ে গিয়েছে ( প্রতি ঘণ্টা ৫৪ মিনিট স্থায়ী হয় ) এবং এটা বলা যায় যে এই করনে শিক্ষার মানে কোন প্রভাব পরেনি , বরঞ্চ এটা পরিক্ষাগারে কাজ করার জন্য আরো বেশি আয়োজন করার সম্ভাবনা এনে দেয় , ওপেন ক্লাস কার্যক্রম , অন্তর্ভুক্তির জন্য অতিরিক্ত সংস্থানসমূহ এবং দ্বিতীয় ভাষা হিশেবে ইতালিয়ান ভাষা শিক্ষা।

এটাও জানানো ভাল যে জাকোজা ( IC Giacosa ) স্কুল একটা সম্প্রদায় চুক্তির ( Patto di Comunita') ব্যাপারে একমত হয়েছে এলাকার কিছু সংগঠন এবং সমবায় সমিতির সাথে ,যাতে বিভিন্ন বয়স অনুযায়ী স্কুলের শেষে মানসম্পন্ন শিক্ষা পরিসেবা দেয়া যায় ( স্কুল শেষে ( Dopo Scuola ), বিভিন্ন ছবিওয়ালা বই পড়া , ভাষা শিক্ষা ) এবং স্বতন্ত্র শিক্ষামূলক সহায়তা কাঠামো পুনর্বহাল করা – যখন প্রত্যাশিত এবং প্রয়োজনীয় - প্রতিদিনের কার্যকলাপ চলাকালীন ।এই সমস্ত ক্রিয়াকলাপগুলি নির্দিষ্ট চুক্তির অর্থায়ন দ্বারা করা হবে যা স্কুল নেটওয়ার্ক একটি চুক্তির মাধ্যমে একমত হয়েছে ।

প্রাক বিদ্যালয় ( Prescuola ) পরিষেবা এবং সান্ধ্যকালিন খেলাধুলা শুরু করার নিয়মগুলি এখনও যাচাই করা হচ্ছে এবং স্কুলের খাবার \ ক্যান্টিন ( Mensa ) এই ব্যাপারেও ভাবা হচ্ছে। স্থানীয় কর্তৃপক্ষ এবং সাংগঠনিক সহযোগিতা এই মূল এবং প্রয়োজনীয় সেবাগুলির জন্য নিরাপদ প্রারম্ভিক বিধিগুলির গ্যারান্টি দেওয়ার লক্ষ্যে স্থির থাকে।

শিশু স্কুল ( Scuola dell'infanzia ) কবে শুরু হবে এবং কিভাবে কার্যক্রম চলবে সে ব্যাপারে আপনাদের সাথে যথাসম্ভব দ্রুত যোগাযোগ করা হবে , ছি টি এস ( CTS ) এর বিবর্তন এবং সংজ্ঞার নিদৃস্ট ইঙ্গিত এর উপর নির্ভর করে।

## স্বাস্থ্য সুরক্ষা

স্বাস্থ্য সুরক্ষার জন্য সাংগঠনিক এবং নিয়ন্ত্রণমূলক পরিকল্পনা, এখনও উন্নয়নের পর্যায়ে রয়েছে, প্রতিরোধ ও সুরক্ষা পরিষেবার প্রধানের পরামর্শ ( RLS ) , দায়িত্বে থাকা চিকিৎসক , এবং অভ্যন্তরীণ ইউনিয়নের ( RSU) প্রতিনিধির অনানুষ্ঠানিক সহযোগিতায়।

## বিশেষ দুর্বলতা সহ শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যসেবা প্রোটোকল

যে সমস্ত পরিবারের বাচ্চাদের , আমাদের স্কুলে ভর্তি করানো হয়েছে সেই সব পরিবারকে অনুরোধ করা যাচ্ছে যে , যদি তারা গুরুতর রোগে আক্রান্ত হয় তাহলে তাদের স্বাস্থ্যের জন্য কি কি ঝুঁকিপূর্ণ সেই প্রোফাইল উপস্থাপন করুন , যথাসম্ভব তারাতারি গোপনীয় ফাইল আকারে স্কুলের পরিচালকের কাছে এই ই– মেইলে পাঠান ( dirigente.muraro@icgiacosa.edu.it ) ডাক্তারে একটা সার্টিফিকেট এবং রোগ নিরাময়ের সাথে সম্পর্কিত নির্দিষ্ট ইঙ্গিত সহ। এই ডকুমেন্টেশনটি শিক্ষার্থীদের সুরক্ষার জন্য প্রোটোকল হিশেবে ব্যবহৃত হবে যা স্কুল অপারেটরদের , পরিবার , এবং স্কুলের পরিচালকের দ্বারা অনুমোদিত এবং স্বাক্ষরিত হতে হবে।

## বার্তা

স্কুলের সমস্ত বার্তা সম্পর্কে অবহিত থাকার জন্য , অভিভাবকদের অনুরোধ করা যাচ্ছে যে নিয়মিত https://icgiacosa.edu.it এই সাইটটি ভিজিট করুন , পরিবারের সাথে যোগাযোগের জন্য রেজিস্ট্র এলেত্রনিকোতে ( rigistro eletronico ) বিশেষ অপশন আছে। স্কুলের সাথে ই-মেইলের মাধ্যমেও যোগাযোগ করা সম্ভব ( miic8dd005@istruzione.it ) যোগাযোগের জন্য ফোন নং – ( ০২ ৮৮৪৪১৫৭৮ \ 02 88441578 ) । সেক্রেটারি ( segretaria ) তে ( যাওয়ার সময় সিমা বুলেটিন বোর্ডে দেয়া আছে এবং ওয়েবসাইটে , স্কুলের ডাইরিতে পাওয়া যাবে ) । বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে যে অন্যান্য অভিভাবকদের সাথে যোগাযোগমূলক মধ্যস্থকারী হিসাবে শ্রেণি প্রতিনিধি রয়েছে , এটি করোনাকালিন বাসায় স্কুলের সময়কালে দুর্দান্ত কার্যকার ছিল ।

" নিশ্চিত করা যাচ্ছে যে এই প্রদেশের ক্যালেন্ডার অনুযায়ী ৭ ই সেপ্টেম্বর ২০২০ থেকে যথাযথ নিয়মে শিশু স্কুল ( Scuola dell'infanzia ) এবং ১৪ই সেপ্টেম্বর ২০২০ তারিখে অনন্য সমস্ত স্কুল যথাযথ নিয়মে শুরু হবে। ২ই সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে জানিয়ে দেয়া হবে স্কুল শুরুর প্রথম সময়সূচী এবং অন্যান্য নিয়ম কানুন। "

## ছুটির দিনগুলি আনন্দময় হোক এই শুভেচ্ছায়

Il Dirigente Scolastico
Prof. Francesco Muraro
Firma autografa sostituita a mezzo stampa
ai sensi dell'art. 3, c. 2, D. Lgs. n. 39/1993